



আমিন খানের সঙ্গে ক্যাথরিন মাসুদ ও তারেক মাসুদ

পুরস্কার অর্জন করেন ‘মাটির ময়না’ ছবির চিত্রনাট্যকার তারেক মাসুদ। তিনি পুরস্কার অর্জন করেন শ্রেষ্ঠ চিত্রনাট্যের জন্য। প্রায় ৯শ’ আমন্ত্রিত চলচ্চিত্র ব্যক্তিত্বদের মধ্যে ফ্রান্সিস কাপোলা, ক্যাথরিন দানিউভ, আমির খানসহ অনেকের মাঝে উপস্থিত ছিলেন তারেক মাসুদ ও ক্যাথরিন মাসুদ।

টু ক রো

বিশ্বনন্দিতদের মাঝে

সম্প্রতি মরোক্কোর মারাকেশ শহরে অনুষ্ঠিত হলো

আন্তর্জাতিক চলচ্চিত্র উসব। এই উসবে বসেছিল বিশ্বনন্দিত চিত্র তারোকারদের মিলনমেলা। আর সেখানে শ্রেষ্ঠ চিত্রনাট্যের জন্য



সাতের একটি

জার্মানিতে অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক নারী নির্মাতাদের চলচ্চিত্র উৎসবে নারগিস আক্তারের ‘মেঘলা আকাশ’ প্রদর্শিত হতে যাচ্ছে। উৎসবটি ১ অক্টোবর থেকে ৭ অক্টোবর পর্যন্ত জার্মানির কোলন শহরে অনুষ্ঠিত হবে। বিশ্বের প্রায় ৪৪টি দেশের ৬০০ ছবি এ উৎসবে প্রাথমিকভাবে জমা পড়ে। তার মধ্যে বিজ্ঞ জুরিবোর্ড ২৮টি ছবি নির্বাচন করেন প্রদর্শনের জন্য। আর ৭টি ছবি নির্বাচিত হয়েছে ডিভেট প্রাইজের জন্য। এর মধ্যে ‘মেঘলা আকাশ’ একটি। উল্লেখ্য, এ উৎসবে পরিচালক নারগিস আক্তারের সফর সঙ্গী হয়েছেন মৌসুমী। তিনি এ ছবির প্রধান চরিত্রে অভিনয় করেছেন।

খুশিই হব

ঐশ্বরিয়ার বিপরীতে চাকার

ফেরদৌসের একটি ছবিতে অভিনয়ের বিষয় চূড়ান্ত হয়েছে।

এমন একটি খবর

একটি ট্যাবলয়েডে ছাপা হয়েছে। এ বিষয়ে ফেরদৌস এই প্রতিবেদককে বলেছেন, ‘আসলে বিষয়টি এমন নয়। আমাকে শুধু বলা হয়েছে। হলিউডের একজন অস্কার বিজয়ী পরিচালক ফ্লোরিয়ান গ্যালেন বারজার আমাকে দেখতে

আসবেন। তিনি বাংলা ভাষায় একটা ছবি নির্মাণ করবেন। কোথাও আমার একটি স্টিল দেখে তাদের পছন্দ হয়েছে। ব্যস, এতোটুকুই। যার মাধ্যমে আলাপ হয়েছে তিনি মি. দামিনী। আমি এখনও তাদের সঙ্গে দেখা

করতে পারিনি। তবে ঐশ্বরিয়ার সঙ্গে কাজ করতে পারলে আমি খুশিই হবো। সবকিছু ফাইনাল হলেই আমি আপনাদের জানাবো।’ উল্লেখ্য, ফেরদৌস বর্তমানে ব্যস্ত রয়েছেন হুমায়ূন আহমেদ পরিচালিত ‘চন্দ্রকথা’ ছবির কাজ নিয়ে।

দুই ভাই এক সঙ্গে

এই প্রথম সংগীত পরিচালক আলম খান ও পপ সম্রাট আজম খান এক সঙ্গে কাজ করলেন। আলম খানের সংগীত পরিচালনায় আজম খান গত ২৯ সেপ্টেম্বর ‘দুই বধু এক স্বামী’ ছবিতে গান গাইলেন। কবির বকুলের লেখা গানে ঠোঁট মেলাবেন মান্না। মান্না প্রযোজিত এই ছবির প্রধান দুটি চরিত্রে অভিনয় করছেন মৌসুমী ও শাবনূর। এবং চলচ্চিত্রের ইতিহাসে এটাও প্রথম। উল্লেখ্য, আলম খান ও আজম খান সহোদর।

যে রাঁধে...

যে রাঁধে সে চুল বাঁধতেও পারে। এমন প্রবাদ আমাদের সবার জানা। প্রসঙ্গটি এসেছে বড় পর্দায় জনপ্রিয় নায়িকাদের ছোট পর্দায় অনিহা। তারা মনে করেন টিভি নাটকে অভিনয় করলে মার্কেট পরে যাবে। যার কারণে শাবনূর, পূর্ণিমাসহ (অবশ্য দু’একটি নাটকে কাজ করেছেন) অনেকেই যার জন্য তারা ছোট পর্দায় অভিনয় করেন না। তবে এদের মধ্যে মৌসুমী ছোট ও বড় পর্দায় দীর্ঘ সময় ধরে ব্যস্ত থেকে এই প্রবাদটির প্রমাণ করেছেন তিনিই বর্তমানে মৌসুমী ১৪ পর্বে একটি ধারাবাহিক এবং ‘অপরাজিতা’ নামক আর একটি ধারাবাহিকে কাজ করছেন মূল চরিত্রে। ‘অপরাজিতা’ নাটকের শুটিং-এর জন্য ব্যাংকক যাচ্ছেন ১৬ অক্টোবর ফিরবেন সপ্তাহ খানেক পর।

